



গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর  
বাড় সতর্কীকরণ কেন্দ্র  
আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৯১৩৫৭৪২, ৯১৪১৪৩৭  
ফ্যাক্স : ৯১১৯২৩০, ৫৮১৫২০১৯  
ই-মেইল : [info@bmd.gov.bd](mailto:info@bmd.gov.bd)  
[swc@bmd.gov.bd](mailto:swc@bmd.gov.bd)  
ওয়েব সাইট: [www.bmd.gov.bd](http://www.bmd.gov.bd)

## আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর: ৩৯ (উনচল্লিশ), তারিখ: ০৩.০৫.২০১৯

ভারতের উড়িয়া উপকূল ও তৎসংলগ্ন উপকূলীয় উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত অতি প্রবল ঘূর্ণিঝড়টি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর ও কিছুটা দুর্বল হয়ে প্রবল ঘূর্ণিঝড় আকারে একই এলাকায় (২১.৩° উত্তর অক্ষাংশ এবং ৮৬.১° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ সন্ধ্যা ০৬ টায় (০৩ মে, ২০১৯) মোংলা সমুদ্রবন্দর থেকে ৪১০ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, পায়রা সমুদ্র বন্দর থেকে ৪৭৫ কিঃ মিঃ দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৬৫০ কিঃ মিঃ পশ্চিমে এবং চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৬৫০ কিঃ মিঃ পশ্চিমে অবস্থান করছিল। এটি আরও উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ০৩ মে মধ্যরাত থেকে সকাল এর মধ্যে খুলনা ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল এলাকায় পৌঁছাতে পারে। বাংলাদেশ এবং এর উপকূলীয় এলাকায় আজ (০৩ মে, ২০১৯) সকাল থেকে ঘূর্ণিঝড় “ফনি” এর অগ্রবর্তী অংশের প্রভাব অব্যাহত রয়েছে।

ঘূর্ণিঝড় কেন্দ্রের ৬৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১২০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১৪০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড়টির পার্শ্ববর্তী এলাকার নিকটে সাগর খুবই বিক্ষুব্ধ রয়েছে।

মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৭ (সাত) নম্বর পুনঃ ০৭ (সাত) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উপকূলীয় জেলা ভোলা, বরগুনা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৭ নম্বর বিপদ সংকেত (পুনঃ) ০৭ নম্বর বিপদ সংকেতের আওতায় থাকবে।

চট্টগ্রাম সমুদ্র বন্দরকে ০৬ (ছয়) নম্বর পুনঃ ০৬ (ছয়) নম্বর বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। উপকূলীয় জেলা চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহ ০৬ নম্বর বিপদ সংকেত (পুনঃ) ০৬ নম্বর বিপদ সংকেতের আওতায় থাকবে।

কক্সবাজার সমুদ্র বন্দরকে ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত (পুনঃ) ০৪ (চার) নম্বর স্থানীয় হুঁশিয়ারী সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

ঘূর্ণিঝড় এবং অমাবস্যার প্রভাবে উপকূলীয় জেলা চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, বরগুনা, ভোলা, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা এবং তাদের অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ৪-৫ ফুট অধিক উচ্চতার জলোচ্ছ্বাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে।

TO

1. HON'BLE MINISTER, MINISTRY OF DISASTER & RELIEF, FAX: 9545405.
2. CABINET SECRETARY, FAX: 9566559.
3. PRINCIPAL SECRETARY TO THE HON'BLE PRIME MINISTER, FAX: 9143377
4. SECRETARY TO THE HON'BLE PRIME MINISTER, FAX: 8128799
5. SECRETARY, MINISTRY OF DEFENCE, FAX: 9110535.
6. SECRETARY, MINISTRY OF AGRICULTURE, FAX: 9540555
7. SECRETARY, MINISTRY OF DISASTER MANAGEMENT AND RELIEF, FAX: 9566559/9545405.
8. SECRETARY, MINISTRY OF WATER RESOURCES, FAX: 9576773.
9. JOINT SECY. (W&D), MOD, FAX: 9110535. 10. SSF, FAX: 8111351/9113651. 11. CPP, FAX: 933 8401. 12. DDM: 9851615.
13. NHQ, FAX: 8754270, 9885633. 14. SHIPPING MINISTRY, FAX: 9660311, 9562007. 15. NDRCC, FAX: 9549148, 9540567
16. BIWTA, FAX: 9551072. 17. BTV FAX: 8312927. 18. BETAR FAX: 8117850. 19. FFWC, FAX 9557386. 20. UNB, FAX: 9344556
21. BSS, FAX 9557929 22. MMO, CTG, FAX: 031-2500988 23. CDMP, FAX: 9890854. 24. COAST GUARD, FAX: 9140092
25. PORT AUTHORITIES, MONGLA 04662-75224 26. PORT AUTHORITIES, CHITTAGONG: 710593 27. BSS: 9557929, 9551052
28. HON'BLE PRIME MINISTER'S, ARMED FORCES DEPT. (AFD), FAX: 8754399, 8115900, 8823233.
29. BANGLADESH ARMY, FAX: 8754455 30. BANGLADESH AIR FORCE, FAX: 8751931 31. REUTERS: 8312976
32. BIWTC: 9563653. 33. ATN: 8111876/9139883 34. UNHCR: 8826557 35. SPARRSO: 8113080 36. UNDP: 8123196
37. channel 1: 9343674 38. RTV: 9130879-80 39. JIKA BD :9891689 40. PORT AUTHORITIES, PAYRA, FAX. 031-2510889.
41. D.C COX'S BAZAR: 0341-63263. 42. SOMOY TV: 9670057, 43. INDEPENDENT TV: 8879001-2, 44. ETV: 8189905-6
- EPENDENT TV: 8879001-2, 45. ETV: 8189905-6

(মোঃ আবদুর রহমান খান)  
আবহাওয়াবিদ  
পরিচালকের পক্ষে  
০৩, ১৮৩০ বিএসটি